# জামায়াতের সাথে বন্ধুত্ব চাই যুক্তরাষ্ট্র, ওয়াশিংটন পোস্টের প্রতিবেদন




সংগৃহীত ছবি

ওয়াশিংটন পোস্টের এক প্রতিবেদনে দাবি করা হয়েছে, ঢাকায় নিযুক্ত এক মার্কিন কূটনীতিকের সঙ্গে কয়েকজন নারী সাংবাদিকের কথোপকথনের একটি অডিও তাদের হাতে এসেছে। সেখানে বাংলাদেশে ইসলামপন্থার প্রবণতা, আসন্ন নির্বাচন এবং জামায়াতে ইসলামীর সম্ভাব্য ফলাফল নিয়ে মন্তব্য শোনা গেছে বলে উল্লেখ করা হয়।

প্রতিবেদন অনুযায়ী, ওই কূটনীতিক নাকি বলেছেন—আগামী নির্বাচনে জামায়াত অতীতের তুলনায় বেশি আসন পেতে পারে এবং সে প্রেক্ষাপটে দলটির সঙ্গে সম্পর্ক রাখার আগ্রহের কথাও উঠে আসে।

আলোচনায় ছাত্রশিবিরের নেতাদের টিভি অনুষ্ঠানে আনার বিষয়েও প্রশ্ন তোলার কথা বলা হয়েছে।

অডিওতে শরীয়াহ আইন ও নারীদের কর্মঘণ্টা প্রসঙ্গও এসেছে বলে দাবি করা হয়। এমন বিধান কার্যকর হলে যুক্তরাষ্ট্র থেকে বাংলাদেশের পোশাক খাতে অর্ডার বন্ধ হতে পারে—এমন মন্তব্যের পাশাপাশি বাণিজ্যিক চাপের ইঙ্গিতও নাকি দেওয়া হয়েছে।

LENS ASIA

মার্কিন দূতাবাসের মুখপাত্র মোনিকা শিই জানান, ডিসেম্বর মাসে সাংবাদিকদের সঙ্গে নিয়মিত আলোচনার অংশ হিসেবে কথোপকথনটি হয়েছিল। তবে তিনি জোর দিয়ে বলেন, যুক্তরাষ্ট্র কোনো নির্দিষ্ট রাজনৈতিক দলকে সমর্থন করে না; জনগণের ভোটে নির্বাচিত সরকারের সঙ্গেই তারা কাজ করে।

জামায়াতে ইসলামীর মুখপাত্র মোহাম্মদ রহমান ব্যক্তিগত বৈঠক নিয়ে কথা বলতে না চাইলেও জানান, বিভিন্ন সময়ে ওয়াশিংটন ও ঢাকায় মার্কিন প্রতিনিধিদের সঙ্গে তাদের একাধিক বৈঠক হয়েছে। সম্প্রতি যুক্তরাষ্ট্রের বাণিজ্য প্রতিনিধির সঙ্গেও ভার্চুয়াল বৈঠক হয়েছে বলে তিনি উল্লেখ করেন।